ত্রিপুরা সরকার
তপশিলী জাতি কল্যাণ দপ্তর
গোর্খাবস্তি, পন্ডিত নেহেরু কমপ্লেক্স
ত্রিপুরা : আগরতলা

## Paramedical Course (BPT/BMRT/BOPTM/BMT-OT এবং BMRIT)
### ইত্যাদি কোর্সে তপশিলী জাতি সম্প্রদায়ভুক্ত ছাত্র/ ছাত্রীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

অন্যান্য বছরের ন্যায় এই বছরেও ত্রিপুরা সরকারের তপশিলী জাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে শর্ত সাপেক্ষে রাজ্যে অন্তর্গত TIPS (Tripura Institute of Paramedical Science), Hapania, Agartala- তে নিম্নলিখিত কোর্সে ভর্ত্তির জন্য ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী উপযুক্ত তপশিলী জাতি সম্প্রদায় ভুক্ত ছাত্র/ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে । ইচ্ছুক প্রার্থীগণকে প্রয়োজনীয় কাগজপত্রাদি সহকারে আগামী ২৩ শে আগষ্ট,২০১৮ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে দরখাস্ত জমা দিতে হবে । প্রয়োজনীয় শর্তাবলী ও দরখাস্তের নমুনা নিম্নরুপ :

| ক্রমিক নং | কোর্সের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১ | B.Sc in Physiotherapy & Rehabilitation (BPT) (৪ বৎসর ৬ মাস) | প্রার্থীকে অবশ্যই উচ্চ-মাধ্যমিকে বিজ্ঞান বিভাগে ৩৫% বা ততোধিক নম্বর নিয়ে উত্তীর্ণ হতে হবে । একমাত্র বিজ্ঞান বিভাগের PCB (Physics, Chemistry, Biology) বিষয়সমূহ নিয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই এই কোর্সে আবেদন করতে পারবে । |
| ২ | Bachelor in Medical Radio Therapy Technology (BMRT) (৩ বৎসর ৬ মাস) | প্রার্থীকে অবশ্যই উচ্চ-মাধ্যমিকে বিজ্ঞান বিভাগে ৩৫% বা ততোধিক নম্বর নিয়ে উত্তীর্ণ হতে হবে । একমাত্র বিজ্ঞান বিভাগের PCB (Physics, Chemistry , Biology) বিষয়সমূহ নিয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই এই কোর্সে আবেদন করতে পারবে । |
| ৩ | Bachelor in Clinical Optometry (BOPTM) (৪ বৎসর) | প্রার্থীকে অবশ্যই উচ্চ-মাধ্যমিকে বিজ্ঞান বিভাগে ৩৫% বা ততোধিক নম্বর নিয়ে উত্তীর্ণ হতে হবে । একমাত্র বিজ্ঞান বিভাগের PCB (Physics, Chemistry, Biology) বিষয়সমূহ নিয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই এই কোর্সে আবেদন করতে পারবে । |
| ৪ | Bachelor in Medical Technology Operation Theatre (BMT-OT) (৩ বৎসর ৬ মাস) | প্রার্থীকে অবশ্যই উচ্চ-মাধ্যমিকে বিজ্ঞান বিভাগে ৩৫% বা ততোধিক নম্বর নিয়ে উত্তীর্ণ হতে হবে । একমাত্র বিজ্ঞান বিভাগের PCB (Physics, Chemistry, Biology) বিষয়সমূহ নিয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই এই কোর্সে আবেদন করতে পারবে । |
| ৫ | B.Sc in Medical Radio Diagnosis & Imagine Technology (BMRIT ) (৩ বৎসর ৬ মাস) | প্রার্থীকে অবশ্যই উচ্চ-মাধ্যমিকে বিজ্ঞান বিভাগে ৩৫% বা ততোধিক নম্বর নিয়ে উত্তীর্ণ হতে হবে । একমাত্র বিজ্ঞান বিভাগের PCB (Physics, Chemistry , Biology) বিষয়সমূহ নিয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই এই কোর্সে আবেদন করতে পারবে । |

বিস্তারিত জানার জন্য লগ-ইন করুন :
www.scw.tripura.gov.in, (0381)232-3363/232-~~4134~~ 3686, e-mail:- dir.scw-tr@gov.in

শর্তাবলী :

১) প্রার্থীকে অবশ্যই তার যোগ্যতা অনুসারে উপরে উল্লেখিত কোর্সগুলির মধ্যে যে কোনো একটি কোর্সের জন্যই আবেদন করতে পারবে । মার্কসীটের প্রত্যায়িত নকল আবেদন পত্রের সঙ্গে জুড়ে দিতে হবে ।

২) প্রার্থীকে ৩১/০৮/২০১৮ ইং তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে ।

৩) প্রার্থীকে অবশ্যই ভারতীয় নাগরিক,তপশিলী জাতি এবং ত্রিপুরার স্থায়ী বাসিন্দা হতে হবে । প্রমান পত্রের প্রত্যায়িত নকল দরখাস্তের সঙ্গে জুড়ে দিতে হবে । প্রার্থীর পিতা মাতার বাৎসরিক আয় ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার)টাকার বেশী হতে পারবে না । আয়ের প্রমান পত্র মহকুমা শাসক অথবা উপ-সমাহর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে । তবে চাকুরীরত পিতা-মাতার ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই উপযুক্ত আধীকারিকের কাছ থেকে আয়ের মূল কাগজ যথা DDO(Drawal & Disbursing Officer) কর্তৃক স্বাক্ষরিত Salary Certificate এর প্রত্যয়িত নকল দরখাস্তের সঙ্গে জুড়ে দিতে হবে । যদি পিতা-মাতা উভয়েই চাকুরীরত হন তবে সেই ক্ষেত্রে উভয়েরই Salary Certificate দরখাস্তের সঙ্গে জুড়ে দিতে হবে এবং Pensioner - দের ক্ষেত্রে Bank Pass Book Copy দিতে হবে ।

৪) প্রার্থী নির্বাচন করা হবে মেধার ভিত্তিতে এবং দপ্তরের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

৫) নির্বাচিত প্রার্থীকে দপ্তর কর্তৃক নির্ধারিত Institute/College - এ ভর্ত্তি হতে হবে ।

৬) তপশিলী জাতি কল্যাণ দপ্তর শুধুমাত্র নির্ধারিত Institute/College - এ ভর্ত্তি, কোর্স-ফি এবং হোস্টেলে থাকা ও খাওয়ার নির্ধারিত খরচ বহন করবে । নির্ধারিত খরচের অতিরিক্ত খরচ প্রার্থীকে নিজে বহন করতে হবে । অসুস্থতা, ভেকসিন, এডুকেশানাল ট্যুর, Institution/College- এর যে কোন ধরনের অনুষ্ঠান ইত্যাদির খরচ ছাত্র/ছাত্রীকেই বহন করতে হবে ।

৭) নির্বাচিত Institute/College - এর নিয়ম অনুসারে ছাত্র/ছাত্রী ভর্ত্তি করা হবে ।

৮) দরখাস্তের মধ্যে কোন প্রকার তথ্য গোপন করা হলে প্রার্থীকে তার দায়ভার নিতে হবে ।

৯) প্রত্যেক ছাত্র/ছাত্রীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে এবং সুস্থতার প্রমাণ পত্র দরখাস্তের সঙ্গে দাখিল করতে হবে ।

১০) নির্বাচিত প্রার্থীগণকে দপ্তর কর্তৃক আরোপিত আর ও কতকগুলি শর্ত মেনে নির্ধারিত কোর্সে পড়াশোনা করতে হবে ।

ইচ্ছুক যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীগণকে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে উপরে উল্লেখিত বিবরণ অনুসারে আগামী ২৩ শে আগষ্ট, ২০১৮ ইং তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে এবং **২৮ শে আগষ্ট, ২০১৮ ইং তারিখে** (মঙ্গলবার) Original কাগজ পত্রাদি সহকারে বেলা ১১ ঘটিকায় কাউনসিলিংএর জন্য গোর্খাবস্তি, তপশিলী জাতি কল্যাণ দপ্তরে উপস্থিত থাকতে অনুরোধ করা যাচ্ছে ।

(রতন বিশ্বাস )
অধিকর্তা
তপশিলী জাতি কল্যাণ দপ্তর
গোর্খাবস্তি, পন্ডিত নেহেরু কমপ্লেক্স
ত্রিপুরা : আগরতলা

# দরখাস্তর নমুনা

## কার্সর নাম :

১) ছাত্র-ছাত্রীর নাম :

২) পিতার নাম :

৩) স্থায়ী ঠিকানা (নিজ সাক্ষরিত স্থায়ী বাসস্থানর প্রমানপত্রর :
প্রত্যয়িত নকল জমা দিত হব)

৪) বর্তমান ঠিকানা (ফান নম্বর সহ) :

৫) প্রার্থীর শিক্ষাগত যাগ্যতা :
(নিজ সাক্ষরিত মার্কসীটর প্রত্যয়িত নকল দিত হব)

৬) কান কান বিষয় নিয় উচ্চমাধ্যমিক পাশ করছ :

৭) পরীক্ষায় মাট নম্বর /প্রাপ্ত নম্বর :

৮) প্রাপ্ত নম্বরর শতকরা হিসাব :

৯) Mobile No. :

১০) বাৎসরিক আয়র সার্টিফিকট :
(মহকুমা শাসক কর্তৃক এবং সরকারী চাকুরীর
ক্ষত্র DDO সার্টিফিকট দিত হব )

১১) Admit Card অনুসার বর্তমান বৎসর :
(নিজ সাক্ষরিত Admit Card এর প্রত্যয়িত নকল দিত হব )

১২) তপশিলী জাতিভূক্ত কিনা ? :
(নিজ সাক্ষরিত প্রমানপত্রর প্রত্যয়িত নকল দিত হব )

আবদনকারীর স্বাক্ষর